



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
সরকারি আবাসন পরিদপ্তর  
আইসিটি শাখা  
www.doga.gov.bd



নম্বর ২৫.৪৩.০০০০.০১৫.০১.০০৩.১৯.২৯

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮

২৩ ফেব্রুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাসা বরাদ্দের জন্য তেজগাঁওস্থ ডি-২ শ্রেণির ২৩-০২-২০২২ তারিখ প্রকাশিত জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ।

সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারী আবাসন পরিদপ্তর-এর স্বয়ংক্রিয় বাসা বরাদ্দের জন্য ২৩/০২/২০২২ তারিখ তেজগাঁওস্থ ডি-২ শ্রেণির জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তালিকা [www.bashaonline.com](http://www.bashaonline.com) ওয়েবসাইটে লগ ইন করে দেখা যাবে। বাসা প্রাপ্তির জন্য যোগ্য প্রার্থীগণকে আগামী ২৭-০২-২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদি বর্ণিত কর্মকর্তার দপ্তরে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

অতিরিক্ত পরিচালক, কক্ষ নং ০৬, ভবন ০৫, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ১। জাতীয় পরিচয়পত্রের কপি (১ কপি)
- ২। পে-ফিল্মেশন এর ১ কপি
- ৩। সর্বশেষ বেতন বিবরণী এবং ইনক্রিমেন্ট স্লিপ
- ৪। নির্ধারিত শ্রেণির বাসা প্রাপ্তির যোগ্যতা অর্জনের উপযুক্ত প্রমাণক ( ১০/১১/১২তম গ্রেড নির্ধারণ সংক্রান্ত অফিস আদেশ)

#### বিশেষ দৃষ্টব্যঃ

- ১। ডি-২ শ্রেণির বাসা বরাদ্দের জন্য জ্যেষ্ঠতা ক্রমিক ১ হতে ১২০ পর্যন্ত উল্লিখিত আবেদনকারীগণ বর্ণিত কাগজপত্রাদি দাখিল করবেন।
- ২। দাখিলের সময় খামের উপর প্রদত্ত ফলে নিজ অবস্থানের ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। উল্লিখিত সকল কাগজপত্রাদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়নকৃত হতে হবে।
- ৪। অনলাইনে দাখিলকৃত তথ্যাদির প্রমাণক হিসেবে সংযুক্ত কাগজপত্রাদি উল্লিখিত কাগজপত্রাদির (হার্ডকপি) অনুরূপ না হলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাছাইকৃত প্রার্থী বাসা বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে।

২৩-২-২০২২

আব্দুল্লাহ-আল-নোমান

সহকারী পরিচালক

ফোন: +৮৮০২৯৫৪৬৩১১

ফ্যাক্স: +88029546463

ইমেইল: [ictsec@dog.gov.bd](mailto:ictsec@dog.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ২) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর
- ৪) উপ-পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৫) সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৬) অফিস ফ্রন্টডেস্ক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর
- ৭) পরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর
- ৮) অতিরিক্ত পরিচালকের ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর